

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪৮৪৫

৩৬/ আদব (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৫৯. নপুংসকদের হুকুম সম্পর্কে।

### باب فِي الْحُكْمِ فِي الْمُخَنَّثِينَ

আরবী

حَدَّثَنَا هَارُونُ بْنُ عَبْدِ اللَّهِ، وَمُحَمَّدُ بْنُ الْعَلَاءِ، أَنَّ أَبَا أُسَامَةَ، أَخْبَرَهُمْ عَنْ مُفَضَّلِ بْنِ يُونُسَ، عَنْ الْأَوْزَاعِيِّ، عَنْ أَبِي يَسَارٍ الْقُرَشِيِّ، عَنْ أَبِي هَاشِمٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُتِيَ بِمُخَنَّثٍ قَدْ خَضَبَ يَدَيْهِ وَرِجْلَيْهِ بِالْحِنَاءِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " مَا بَالُ هَذَا ". فَقِيلَ يَا رَسُولَ اللَّهِ يَتَشَبَّهُ بِالنِّسَاءِ . فَأُمِرَ بِهِ فَنفِيَ إِلَى النَّقِيعِ فَقَالُوا يَا رَسُولَ اللَّهِ أَلَا نَقْتُلُهُ فَقَالَ " إِنِّي نَهَيْتُ عَنْ قَتْلِ الْمُصَلِّينَ ". قَالَ أَبُو أُسَامَةَ وَالنَّقِيعُ نَاحِيَةٌ عَنِ الْمَدِينَةِ وَلَيْسَ بِالنَّقِيعِ .

বাংলা

৪৮৪৫. হারুন ইবন আবদুল্লাহ (রহঃ) .... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে একজন নপুংসক আসে, যার দু'হাত ও পা মেহেদী রংয়ে রঞ্জিত ছিল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞাসা করেনঃ এ ব্যক্তির অবস্থা কী? জবাবে সাহাবীগণ বলেন, ইয়া রাসূলুল্লাহ! এ ব্যক্তি স্ত্রীলোকদের সাজে সেজেছে। তখন তাকে শহর থেকে বের করে দেয়ার হুকুম হলে, তাকে নাকী নামক স্থানের দিকে বের করে দেয়া হয়। এ সময় সাহাবীগণ জিজ্ঞাসা করেনঃ ইয়া রাসূলুল্লাহ! আমরা কি তাকে হত্যা করবো না? তিনি বলেনঃ আমাকে নামাযীদের হত্যা করতে নিষেধ করা হয়েছে। রাবী আবু উছমান (রহঃ) বলেনঃ নাকী স্থানটি মদীনার উপকণ্ঠে অবস্থিত। এটা বাকী নামক স্থান নয়।

## English

Narrated AbuHurayrah:

Am effeminate man (mukhannath) who had dyed his hands and feet with henna was brought to the Prophet (ﷺ). He asked: What is the matter with this man? He was told: "Messenger of Allah! He imitates the look of women."

So he issued an order regarding him and he was banished to an-Naqi'. The people said: Messenger of Allah! Should we not kill him? He said: I have been prohibited from killing people who pray. AbuUsamah said: Naqi' is a region near Medina and not a Baqi'.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=36951>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন